

সংস্করণ

পরিবর্তন

বর্ষাংশ ১ ১৫ তম বর্ষ ১ ১১৫ সংখ্যা ১ বৃহস্পতিবার ১ ০৪ ফাল্গুন ১ ১৬ ফেব্রুয়ারি ২০১৭

ভোলায় ইলিশ সংরক্ষনে সহ-ব্যবস্থাপনা কাঠামো বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত

ভোলা প্রতিবেদক ॥ ভোলায় ইলিশ সংরক্ষনের লক্ষ্যে জেলে, মৎস্যজীবী, মৎস্যবিভাগের কর্মকর্তা, কোস্টগার্ড ও স্থানীয় জনপ্রতিনিধিদের নিয়ে 'সহ ব্যবস্থাপনা কাঠামো নির্ধারণ' বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। গতকাল বৃহস্পতিবার দুপুরে জেলা প্রশাসক সম্মেলন কক্ষে ইউএনএআইডি'র অর্থায়নে ওয়াল্ডফিশ ও মৎস্য অধিদপ্তরের সহযোগীতায় বেসরকারি উন্নয়ন সংস্থা কোস্টট্রাস্ট এ কর্মশালার আয়োজন করে। প্রধান অতিথি ছিলেন, ভোলার জেলা প্রশাসক মোহাম্মদ সেলিম উদ্দিন। জেলা মৎস্য কর্মকর্তা মো: রেজাউল করিমের সভাপতিত্বে কর্মশালায় উপস্থিত ছিলেন, বরিশাল মৎস্য অধিদপ্তরে উপ-পরিচালক বজলুল রশিদ, অতিরিক্ত জেলা প্রশাসক মাহমুদুল হাসান, সুব্রত কুমার সিকদার, কোস্টগার্ডের অপারেশন অফিসার লে. কমান্ডার সৈয়দ সাজ্জাদুর রহমান, উপজেলা নির্বাহী অফিসার মোহাম্মদুল ইসলাম, জেলা পরিষদের সদস্য অধ্যক্ষ শাফিয়া খাতুন, উপজেলা পরিষদের ডাইস চেয়ারম্যান

মো: ইউনুস, ইকোফিশ প্রকল্পের টিম লিডার ডা: আবদুল ওহাব। অনুষ্ঠানের উপস্থাপনা করেন, কোস্টট্রাস্টের পরিচালক সুনীল কুমার ভৌমিক। প্রধান অতিথির বক্তব্যে জেলা প্রশাসক বলেন, ইলিশ সংরক্ষন ও উৎপাদনের লক্ষ্যে সহ ব্যবস্থাপনা কাঠামো একটি উপযোগী কার্যক্রম, ভবিষ্যতে এ কার্যক্রমের আওতায় ইলিশ সংরক্ষন ও উৎপাদন আরো বৃদ্ধি পাবে। তাই কোস্টট্রাস্টের ইকোফিশ প্রকল্পের মত সবাইকে ইলিশ রক্ষায় এক সাথে কাজ করতে হবে। কর্মশালা 'কি করলে ইলিশ রক্ষা হবে' এমন বিষয়ের উপর জেলে ও মৎস্যজীবী, মৎস্যবিভাগ- কোস্টগার্ড, চেয়ারম্যান-মেম্বার এবং জেলা প্রশাসনের কর্মকর্তারা চারটি ভাগে বিভক্ত হয়ে পরামর্শ লিবিপবদ্ধ করেন। অনুষ্ঠানের সার্বিক সহযোগীতায় ছিলেন, ইকোফিশ প্রকল্পের ম্যানেজার টিএস সোহেল মাহমুদ। কর্মশালায় জেলে ও মৎস্যজীবী ছাড়াও জেলা সদরের ইলিশা শিবপুর, রজাপুর, ধনিয়া ও কাচিয়া ইউনিয়নের জনপ্রতিনিধি অংশগ্রহণ করে।